চুয়াডাঙ্গায় বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষরোপন সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত

“বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এই প্রতিপাদ্যে চুয়াডাঙ্গায় সপ্তাহব্যাপী বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলার সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদে বুধবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, জেলা প্রশাসন ও সামাজিক বনবিভাগের যৌথ উদ্যোগে এবারের বৃক্ষমেলায় সকলের অংশগ্রহণ সত্যি প্রশংসনীয়। এবারের মেলায় ছাত্রছাত্রী, মহিলা, শিশু এবং সকলের অংশগ্রহণ মেলা সফল ও স্বার্থকতায় পরিপূর্ণতায় রুপ দিয়েছে।

দীর্ঘ করোনাকালীন প্রায় ৩ বছর বৃক্ষমেলা বন্ধ থাকায় এবারের মেলায় পর্যাপ্ত চারা বিক্রি হয়েছে। মেলা সফল ও স্বার্থকতায় রুপ দেওয়ায় তিনি বনবিভাগের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সমাপনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন বলেন, বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এ শ্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের যৌথ উদ্যোগে বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষ মেলা আজকে সম্পন্ন হয়েছে।

মেলার শুরু থেকে শেষ পর্যন্ত সকলে সহযোগিতা করায় সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। উক্ত সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাস চন্দ্র সাহা, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া সহ চুয়াডাঙ্গা সামাজিক বনবিভাগের কর্মকর্তা বৃন্দ ও উক্ত মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন স্থান থেকে আগত নার্সারির মালিকবৃন্দ। উক্ত

সমাপনী অনুষ্ঠানে সকল স্টল মালিকদের হাতে ক্রেষ্ট পুরষ্কার বিতরণ করা হয়।

দর্শনা সীমান্তে ৮০ হাজার ইউএস ডলার উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানার ফুলবাড়ী সীমান্ত এলাকা থেকে ৮০ হাজার ইউএস ডলার উদ্ধার করা হলেও কাউকে আটক করতে পারেনি ৬ বিজিবি।

করোনা মহামারি ও ইউক্রেন-রাশিয়া যুদ্ধের কারণে আমদানি ব্যয় বৃদ্ধি ও প্রবাসী আয় বা রেমিট্যান্স কমে যায়। এতে দেশে ডলারের তীব্র সংকট দেখা দিয়েছে। রপ্তানি আয় বাড়লেও ডলারের সংকট মিটছে না। ফলে প্রতিনিয়ত বেড়েছে ডলারের দাম। এ জন্য রিজার্ভ থেকে ডলার ছেড়ে বাজার নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করছে কেন্দ্রীয় ব্যাংক। এরপরও কিছুতেই বাগে আসছে না ডলারের তেজিভাব।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি সদর দপ্তরে বুধবার বিকেলে প্রেস ব্রিফিংয়ে লেফটেন্যান্ট কর্নেল শাহ মোহাম্মদ ইশতিয়াক জানান, ফুলবাড়ী সীমান্ত এলাকা দিয়ে মালামাল পাচার করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় বিজিবি।

পাচারের সময় সীমান্ত পিলার ৮৫ হতে ৩০০ গজ বাংলাদেশের ভেতরে অজ্ঞাত পরিচয় এক ব্যক্তিকে একটি ব্যাগ বহন করে নিয়ে যেতে দেখে তাকে টহল দল চ্যালেঞ্জ করে। এ সময় সে ব্যাগটি দূরে ছুড়ে ফেলে দৌড়ে পালিয়ে যায়।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির পরিচালক জানান, ব্যাগটি জব্দ করে কাগজে মোড়ানো ৮টি প্যাকেট উদ্ধার করা হয়। প্রতিটি প্যাকেট থেকে ১০০ ইউএস ডলারের ১০০টি নোট পাওয়া যায়। এই হিসাবে মোট ৮০ হাজার ইউএস ডলার উদ্ধার করা হয়। তিনি আরও জানান, ইউএস ডলারগুলো ভারতে পাচার করা হচ্ছিল।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির জানান ৮০ হাজার ইউ এস উদ্ধারের ঘটনায় কোন চোরাচালানীকে আটক করতে পারেনী,তবে মালামাল ট্রেজারি অফিসে জমার প্রক্রিয়া চলছে। এ ঘটনায় দর্শনা থানায় মামলা হয়েছে।

দর্শনায় সাংবাদিক হনিফ মন্ডলের মায়ের ইন্তেকাল: দর্শনা প্রেসক্লাবের শোক

চুয়াডাঙ্গার দর্শনায় সাংবাদিক হানিফ মন্ডলের মা ছপুরা বেগম (৯০) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাহি রাজেউন)।

বাধ্যকজনিত কারনে মঙ্গলবার সকাল ৮ টার দিকে দর্শনা পৌর এলাকার রামনগর গ্রামে নিজ বাসভবনে তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তিনি ৫ পুত্র ও তিন কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

তার মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে গোটা এলাকায় নেমে আসে শোকের ছায়া। স্বজনদের আহাজারিতে ভারি হয়ে ওঠে এলাকার বাতাস। ওই দিনই বাদ যোহর মেমনগর স্কুল মাঠে তার লাশের জানাজা শেষে স্থানীয় কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়। তার জানাজায় অংশ নেয় বিভিন্ন রাজনৈতিক, সমাজ সেবক, সাংবাদিক সংগঠনের নেতৃবৃন্দ সহ প্রায় সহস্রাধীক মুরসল্লী।

এদিকে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন, চুয়াডাঙ্গা-২আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর, দামুড়হুদা উপজেলার চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, জেলা বিএনপির সদস্য হাবিবুর রহমান বুলেট, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সাধারণ সম্পাদক এসএম ওসমান, এবং সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, প্রেসক্লাবের সহ-সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি

সম্পাদক তারিক জামান, দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম, কার্যনির্বাহী সদস্য এফএ আলমগীর, চঞ্চল মেহমুদ ও হানিফ মন্ডল এবং সাংবাদিক সমিতির সাংগনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, তথ্য প্রযুক্তি সম্পাদক মেহেদী হাসান তুহিন, সাহিত্য, সাংষ্কৃতি ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, কার্যনির্বাহী সদস্য আহসান হাবীব মামুন ও ইকরামুল হক পিপুল, সদস্য সাবেক সেক্রটারী হারুন রাজু, সদস্য হাসমত আলী, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ আহমেদ রয়েল, আ. হান্নান, সুকমল চন্দ্র দাস বাঁধন, আবিদ হাসান রিফাত, ফরহাদ হোসেন প্রমুখ।

দামুড়হুদায় বঙ্গবন্ধুর শাহাদত বার্ষিকীর প্রস্তুতি সভা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী পালন উপলক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে প্রস্ততি সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টায় উপজেলা মিলনায়তনে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় দামুড়হুদা উপজেলা সহকারী ভূমি কমিশনার সুদীপ্ত কুমার সিংহের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, দামুড়হুদা উপজেলা আ,লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ শহিদুল ইসলাম, দামুড়হুদা ও দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ও এএইচ এম লুতফুল কবীর।

প্রস্তুতি সভায়, দামুড়হুদা উপজেলা কমপ্লেক্সে পরিস্কার-পরিচ্ছন্ন, শোভাবর্ধন, নিরাপত্তাসহ বিভিন্ন বিষয়ে বিস্তর আলোচনা করা হয়। এ সভায় উপজেলা নির্বাহীগণ, বিভিন্ন সরকারী দপ্তরের প্রধানগণ ও আওয়ামী লীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় ভ্রাম্যমান আদালতে মাদক সেবনকারীকে ২ মাসের কারাদণ্ড

দর্শনায় ভ্রাম্যামান আদালতে কামাল হোসেন নামের এক মাদক সেবনকারীকে কারাদন্ড প্রদান করা হয়েছে। মঙ্গলবার দুপুরে ভ্রাম্যমান আদালত তাকে ২ মাসের বিনাশ্রম করাদন্ড প্রদান সহ অর্থদন্ড করেন। সে দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের মৃত জালাল উদ্দিনের ছেলে।

জানা গেছে, মঙ্গলবার বেলা ২ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এস,আই আহম্মদ আলী বিশ্বাসের নের্তৃত্বে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় দর্শনা পুরাতন বাজার চত্বরে।

এ সময় বাজারের দোয়েল চত্বর মোড়ের সুমনের ফল দোকানের সামনে থেকে অভিনব কায়দায় কোমল পানীর ২৫০ এমএল এর স্পীডের বোতলে করে ফেনসিডিল বহনের অপরাধে কামাল হোসেন (৩৩) নামের এক ব্যাক্তিকে আটক করেন। পরে ঘটনাস্থলে ভ্রাম্যমান আদালত বসিয়ে আটককৃতকে ২ মাসের বিনাশ্রম কারাদন্ড ও নগদ ৫ শত টাকা অর্থদন্ডের রায় প্রদান করা হয়।

এ ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদিপ্ত কুমার সিংহ।

দামুড়হুদায় বিদুৎস্পৃষ্টে এক গৃহবধুর মর্মান্তিক মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ছাতিয়ানতলা গ্রামে বিদ্যুৎস্পৃষ্টে ফুলমালা খাতুন (৩৮) নামে এক গৃহবধূর মৃত্যু হয়েছে। তিনি একই উপজেলার নাটুদহ ইউনিয়নের ছাতিয়ানতলা গ্রামের আশব বারির স্ত্রী। সোমবার সকালে এ ঘটনা ঘটে।

স্থানীয়দের বরাত দিয়ে, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ জানান, এদিন সকালে তার স্বামীর ইজিবাইকে চার্জ দিতে যান ফুলমালা খাতুন। এসময় অসাবধানতাবশত চার্জারের তারে হাত লেগে তিনি বিদ্যুতায়িত হন। পরিবারের সদস্যরা তাকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নেয়ার পথে তিনি মারা যান।

তিনি আরো জানান, মরহুমার পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় ময়না তদন্ত ছাড়াই দাফনের অনুমতি দেয়া হয়েছে।

দর্শনায় চাকরি কোটা ও বৈষম্য দূরি কারণের দাবিতে হরিজন সম্প্রদায়ের মানববন্ধন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা- মুজিবনগর সড়কে বাংলাদেশ হরিজন সম্প্রদায় পরিষদের ২৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে ।

সোমবার বিকাল ৫ টার দিকে দর্শনা-মুজিবনগর সড়কের দর্শনা আমতলা মন্দিরের সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে পরিষদের নেতারা বলেন, বর্তমানে নতুন করে মন্ত্রণালয় বিভাগে আউটসোর্সিংয়ের নামে পরিশ্রম কর্মী পদে নিয়োগে বানিজ্য ও দুর্নীতি করা হচ্ছে।

বাংলাদেশের প্রতিটা পৌরসভায় পরিশ্রমই পরিচ্ছন্ন কর্মী হিসেবে ১ হাজার ২ শত টাকা থেকে ৬ হাজার টাকা বেতন দেওয়া হয়। বর্তমান বাজার মূল্য হিসাব করলে আমাদের বেতন কম পক্ষে ১৫ থেকে ২০ হাজার টাকা করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ঝাড়ুদার, কেনিয়ার, সুইপার পদে নিয়োগের ক্ষেত্রে শতকরা ৮০ ভাগ কোটা বরাদ্দ করতে হবে। মেধার ভিত্তিতে বিসিএস সহ সকল চাকরিতে কোটা দিতে হবে।

আমাদের জীবন যাত্রায় বৈষম্য দূর করার দাবি করে। মানববন্ধনে বক্তব্য রাখেন, বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদের চুয়াডাঙ্গা জেলার সভাপতি রামু কুমার বাসফোঁড়, সাধারণ সম্পাদক শ্রী রতন বাসফোঁড় ও সাংগঠনিক সম্পাদক শ্রী জিতেন বাসফোঁড় প্রেম।

আলমডাঙ্গায় গাঁজা সেবনের দায়ে যুবকের জেল

আলমডাঙ্গার গড়গড়ি গ্রামে গাঁজা সেবনের দায়ে এক যুবককে ৬ মাসের কারাদণ্ড প্রদান করেছে ভ্রাম্যমাণ আদালত। গতকাল সোমবার দুপুর সাড়ে ১২ টার দিকে গড়গড়ি গ্রামে উপস্থিত হয়ে এ আদেশ প্রদান করেন।

আদালত সূত্রে জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের গড়গড়ি গ্রামের আজিজুদ্দিনের ছেলে মাসুদ রানা। সে দীর্ঘদিন যাবৎ মাদকদ্রব্য গাঁজা সেবনের পাশাপাশি বিক্রয় করে আসছিলো।

সোমবার বেলা ১২ টার দিকে মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশ মাদকদ্রব্য অভিযান পরিচালনা করেন। এসময় গড়গড়ি গ্রাম থেকে মাসুদ রানাকে ২৫ গ্রাম গাঁজাসহ আটক করে পুলিশ। পরে আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ উপস্থিত হয়ে মাসুদ রানাকে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করে।

আলমডাঙ্গায় মাদকাসক্ত ছেলেকে পুলিশে দিলো পিতা

আলমডাঙ্গার মুন্সিগঞ্জের শান্ত (২২) নামে এক মাদকাসক্ত ছেলেকে পুলিশে দিয়েছেন তার পিতা। সোমবার দুপুর ২ টার দিকে ভ্রাম্যমাণ আদালত তাকে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করে। আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর এ কারাদন্ড প্রদান করেন।

দন্ডপ্রাপ্ত ওই যুবক হলো আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ গ্রামের আনসার আলীর ছেলে।

জানা যায়, শান্ত অনেক দিন ধরেই মাদকাসক্ত। তবে বেশ কিছুদিন ধরে সে মাদকাসক্ত হয়ে অত্যাচার শুরু করে। প্রায়ই সে নিজের ঘরের জিনিসপত্র ভাঙচুর করে এবং পিতামাতাকে মারধর করে।

এ অবস্থায় বাধ্য হয়ে আনসার আলী সোমবার মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশকেও জানায়। সোমবার দুপুরে মুন্সিগঞ্জ এলাকা থেকে শান্তকে ৪ পিস ট্যাপেন্টা ডল ট্যাবলেটসহ আটক করে ফাঁড়ি পুলিশ।

এসময় খবরে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর ঘটনাস্থলে পৌছায়। পরে দুপুরে তাকে ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হয়। এসময় উপজেলা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর ভ্রাম্যমাণ আদালত তাকে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করেন।

দামুড়হুদায় সাপের কামড়ে দুই মাদ্রাসা ছাত্রের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদায় সাপের কামড়ে দুই মাদরাসা ছাত্রের মৃত্যু হয়েছে। গতকাল রোববার দিনগত রাতে উপজেলার চন্দ্রবাস সেমি পাকা নূরানিয়া হাফিজিয়া কওমি মাদরাসায় এ ঘটনা ঘটে। সোমবার (০১ আগস্ট) সকাল সাড়ে ৮টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় দুই ছাত্রের মৃত্যু হয়।

ওই দুই ছাত্র হলো-দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের চন্দ্রবাস ডাক্তার পাড়ার সাইফুল ইসলামের ছেলে আব্দুল্লাহ (১৩) এবং একই গ্রামের মাঝের পাড়ার শওকত আলীর ছেলে জুনায়েদ (১২)।

মাদরাসার মুহতামিম হাজী আক্তার ফারুক বলেন, ভোরের দিকে আব্দুল্লাহ ও জুনায়েদকে বমি করতে দেখেন এক শিক্ষক।

জিজ্ঞাসা করলে তারা জানায়, তাদের সাপে কামড় দিয়েছে। এ সময় আব্দুল্লাহর ডান পায়ে এবং জুনায়েদের বাম হাতে সাপের কামড়ের চিহ্ন দেখতে পান তিনি।

মাদরাসার অন্যান্য শিক্ষকদের সহযোগিতায় তাদের প্রথমে গ্রাম্য চিকিৎসকের কাছে নেওয়া হলে তিনি চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পরামর্শ দেন। পরে তাদের সদর হাসপাতালে ভর্তি করা হয়। এর কিছুক্ষণ পর দুজনই মারা যায়। ধারণা করা হচ্ছে, রাতের কোনো এক সময় ঘুমন্ত অবস্থায় সাপে তাদের কামড় দিয়েছে।

স্থানীয় ইউপি সদস্য কেরামত আলী বলেন, জুনায়েদ আমার ফুফাত ভাইয়ের ছেলে। সে রোববার মাদরাসায় ভর্তি হয়েছে। রাতে দুই শিশু দুই স্থানে ঘুমিয়ে ছিল। ঘুমের মধ্যেই সাপে কামড় দিয়েছে। সকালে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় দুই শিশুর মৃত্যু হয়।

তিনি আরও বলেন, জুনায়েদের বাবা কাঠমিস্ত্রি। দুই ভাই-বোনের মধ্যে জুনায়েদ ছোট। একমাত্র ছেলেকে হারিয়ে বাবা-মা পাগলপ্রায়। দুজনের মৃত্যুতে এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. আব্দুল কাদের বলেন, সকাল ৭টার দিকে আশঙ্কাজনক অবস্থায় দুই মাদরাসাছাত্রকে ভর্তি করা হয়। সকাল পৌনে ৮টার দিকে চিকিৎসাধীন অবস্থায় দুজনের মৃত্যু হয়। সাপের কামড়ে মৃত্যু হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, আমার পুলিশ ঘটনাস্হল গিয়েছিলো তবে সর্প দংশনে তাদের দুজনের চিহ্ন পাওয়া গেছে বলে ধারনা করা হচ্ছে। তদন্ত করলে বুঝা যাবে আসলে ঘটনা কি?